

আনন্দবাজার পত্রিকা

দেশে পেপসিকোর বৃহত্তম কারখানা সাঁকরাইলেই

নিজস্ব সংবাদদাতা: ভারতে বৃহত্তম কারখানা তৈরি করতে এ রাজ্যকেই চিহ্নিত করেছে মার্কিন বহুজাতিক পেপসিকো। প্রায় ২৫০ কোটি টাকা লগ্নিতে সাঁকরাইলের বর্তমান কারখানাই হতে চলেছে সংস্থার 'মেগা প্লান্ট'।

পেপসিকো হাওড়ার সাঁকরাইলে কারখানা গড়ে ২০০৪ সালে। পাশাপাশি আলু উৎপাদনে নজর দেয় সংস্থা। কাঁচা মাল পেতে কৃষকদের সঙ্গে যোগাযোগ গড়ে তোলে তারা। ১৪০ কোটি টাকায় ১০ একর জমিতে তৈরি এই কারখানায় সংস্থার অন্যতম জনপ্রিয় দু'টি ব্র্যান্ড, 'লেজ' ও 'কুডকুড়ে' উৎপাদন হয়। এতে প্রত্যক্ষ ও পরোক্ষ মিলিয়ে প্রায় ৫০০ জনের কর্মসংস্থান হয়েছে, দাবি সংস্থার। সংস্থার অন্যতম কর্তা বিদুর ব্যাস জানান, লাগোয়া চার একর জমিতে কারখানা সম্প্রসারিত হচ্ছে। ২০১১ সালে কাজ শেষ হলে এটিই ভারতে সংস্থার বৃহত্তম উৎপাদন কেন্দ্র হবে।

কর্তৃপক্ষ জানান, 'আলাইভা' ব্র্যান্ড নিয়ে তারা ৮০০০ কোটি টাকার বিস্কুটের বাজারে পা রাখছে। মহারাষ্ট্রের রঞ্জন-গাওয়ে তৈরি হচ্ছে নতুন এই বিস্কুট। কাঁচা মাল পেতে পশ্চিমবঙ্গ-সহ অন্যান্য রাজ্যে প্রায় ১১ হাজার কৃষকের সঙ্গে যোগাযোগ করেছে পেপসিকো।